প্রশ্নোত্তরে
আ'লা হজরাত পরিচিতি

আল্‌হাজ মুফতী মোঃ আলীমুদ্দিন রেজবী

এম. এম. (Kol), বি. এড. (NSOU)

এফ.ডি.এন (Bareilly University)

–ঃ সহকারী শিক্ষক ঃ–

নাইত শামসেরিয়া হাই মাদ্রাসা

সাং- সন্ন্যাসীডাঙ্গা, পোঃ- বাড়ালা, থানা- রঘুনাথগঞ্জ

জেলা - মুর্শিদাবাদ, পিন- ৭৪২২৩৫

প্রশ্নোত্তরে

আ'লা হজরাত পরিচিতি

আল্‌হাজ মুফতী মোঃ আলীমুদ্দিন রেজবী
এম. এম. (Kol), বি. এড. (NSOU)
এফ.ডি.এন (Bareilly University)

প্রকাশনায় ঃ-
মোঃ সাদেক্ব আলী রেজবী
মোঃ হুমাম রেজা মাক্কী
মাক্কী এ্যাকাডেমী আল-মদীনা মানজিল
গাড়ীঘাট, সুজাপুর রোড, পোঃ- রঘুনাথগঞ্জ
জেলা- মুর্শিদাবাদ, পিন- ৭৪২২২৫
মোঃ- ৯৪৩৪১৬৪৩১৪ / ৯৫৪৭৭০৩৯৭৫
E-mail : muftimdalimuddinrezvi78692@gmail.com

প্রকাশ কাল ঃ-
১৪ই জুন, ২০১৫ (দ্বিতীয় সংস্করণ)
হাদিয়া ঃ- ৩৩/-
মুদ্রণ সংখ্যা ঃ- ২০০০
মুদ্রণে ঃ- বাসন্তী প্রেস, বালিঘাটা, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
মোঃ- -৯৬০৯০১৭৬৮৩

সুচীপত্র

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

নাহ্‌মাদুহু অ-নুসল্লি অ-নুসাল্লিমু আলা হাবীবিহিল কারিম।

-ঃ ভূমিকা ঃ-

আল্লাহ তা'লার অশেষ রহমতে, বিশ্বকুল সরদার প্রিয় নূর নবীর বিশেষ সাদক্বাতে, আওলিয়ায়ে কেরামের ওসিলাতে গওসো খাজা রেজা হামিদো মুস্তাফার কৃপা দৃষ্টিতে এবং আপনাদের নেক দুয়ার বরকতে প্রশ্নোত্তরে আ'লা হজরাত (ইমাম আহমাদ রেজা আলাইহির্ রহমা) "পরিচিতি" নামক বইটি লেখা সমাপ্ত করতে পেরে আল্লাহ্ রব্বুল আলামীনের দরবারে হাজার হাজার শুকুর আদায় করছি। আমি কোনো দিন ভাবতেও পারিনি যে আমার মত এক অযোগ্য ব্যক্তি এ ধরনের পুস্তক লিখতে পারব। আ'লা হজরাত এমন ই একজন ব্যক্তি ছিলেন, যার পরিচয় দিতে গিয়ে আরবীয়-অনারবীয় তথা সারা বিশ্বের বড় বড় লেখকগণ পৃথিবীর বিভিন্ন ভাষায় এ পর্যন্ত শতাধিক কিতাব লেখেছেন। এতে বিন্দুমাত্র সন্দেহ নেই।

কিন্তু বড় আফসোসের বিষয় যে পশ্চিমবঙ্গে বাংলা ভাষায় বাংলা ভাষী মানুষের জন্য আ'লা হজরাতের পরিচয় দেওয়ার মত তেমন কোনো পুস্তক নাই বললে ই চলে।

আ'লা হজরাত সম্পর্কে কিছু বলে বা কিছু লিখে আ'লা হজরাতের আর কতটাই বা পরিচয় দেওয়া সম্ভব। সারা বিশ্বব্যাপী তার যা পরিচিতি রয়েছে, আমার মতে তার সম্পর্কে কিছু বলে বা কিছু লিখে তার নামের বরকতে আসলে নিজেদের-ই পরিচয় দিয়ে দেওয়া হয়।

আ'লা হজরাত সম্পর্কে কিছু লিখব, সত্যি কথা

"মানক্বাবাতে আ'লা হজরাত"
বা
"তারানায়ে রেজবীয়া" রেজবী সংগীত

১। সারা জগৎ আলা হজরাত জপছে তোমার নামখানি
মুজাদ্দিদে লাসানী।
বিশ্ব মাঝে ডঙ্কা বাজে তোমার মাসলাকের ধ্বনি
মুজাদ্দিদে লাসানী।

২। ১২৭২ হিজরী শনিবার ১০শওয়ালে
শাহ নাক্বি আলীর ঘরে এলেন মায়ের-ই কোলে
পাক বেরেলী জন্মভূমি ইশক্বে নবীর রাজধানী।।

৩। নবী বংশের মুর্শিদ তোমার সৈয়দ শাহ আলে রাসুল
গওস পাকের তরিক্বাতে ক্বাদেরী বাগিচার ফুল
মারেহ্‌হেরা মুত্বাহেরা হইল ওলির নিশানী।।

৪। ১৪ শত কিতাব যত বিশ্ব কে করিলেন দান
শত প্রকার বিদ্যা নিয়ে পেশ করেন কান্‌যুল ঈমান
যুগ সেরা জ্ঞানে ভরা ভান্ডার ইলমে লাদুন্নী।।

৫। রাসুলুল্লার্‌ পূর্ববানী ইমাম আজমের সানী
গওস পাকের তরজুমানী খাজা পিয়ার নয়নমনি
সারা জাহান পেয়েছে প্রমাণ আশিকে মাক্কী-মাদানী।।

৬। হাফিজ শব্দ দেখে ক্ষুদ্ধ লিখা আপনার নামে
৩০ পারার হাফিজ হলেন একটি মাস রমজানে
তারাবীতে তিলাওয়াতে খতম হয় ক্বোরআন খানা।।

৭। ইমাম রেজা ছিলেন কেমন কে দিবে তার বর্ণনা
তাজে শরীয়াত আখতারে মিল্লাত সেই রুপেই নমুনা
চেহারা যাহার রুপের ই বাহার আপাদ মস্তক নূরানী।।

৮। আমার কি আর শক্তি আছে লিখতে তোমার জীবনী
রেজা নামের দোহায় দিলে দোজখ আগুন হয় পানি

তোমার নামটি হইল খাঁটি সুন্নীদের ই নিশানী।।

৯। ১৩ শত ৪০ হিজরী শুক্রবারের দিন ছিল
সফর চাঁদের ২৫ তারিখ তোমার ই ওফাত হলো
রেজবী গোলাম জানিয়ে সালাম ইতি করলো লিখনী।।

১০। হুজ্জাতে ইসলাম মুফতীয়ে আজম যাহার প্রতি নিগাহ্বান
তাজুল ইসলাম শাইখুল আলাম মুর্শিদ আখতার রেজা খাঁন
এই জীবনে তাঁর চরনে আলীমুদ্দিন হয় ফানী
মুজাদ্দিদে লাসানী।।

প্রশ্নোত্তরে আ'লা হজরাত পরিচিতি

১। প্রশ্নঃ- আ'লা হজরাত ইমাম আহমাদ রেজা আলাইহির রহমা কত সালে কোথায় জন্ম গ্রহণ করেন?

উত্তরঃ- আ'লা হজরাত ইমাম আহমাদ রেজা আলাইহির রহমা আরবী ১২৭২ হিজরী শওয়াল মাসের ১০ তারিখ ইংরেজী ১৪ই জুন, ১৮৫৬ খ্রীষ্টাব্দে রোজ শনিবার জোহরের সময় ভারতের উত্তর প্রদেশ রাজ্যের বেরেলী শরীফ জেলা শহরের অন্তর্গত জাসুলী নামক মহল্লায় (পাড়ায়) জন্মগ্রহণ করেন।

২। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার নাম কী?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার বংশগত ও জন্মগত নাম মোহাম্মদ। তাঁর ঐতিহাসিক নাম আল মুখতার। অবশ্য তাঁর পিতামহ আহমদ রেজা নাম রাখেন। আলা হজরত আলাইহির রহমা নিজের নামের সাথে আব্দুল মুস্তাফা অতি গর্বের সাথে ব্যবহার করতেন। অবশ্য তাঁকে আম্মান/ আহমাদ মিঞা বলেও ডাকা হতো।

৩। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার সংক্ষিপ্ত বংশ পরিচয় কী?

উত্তর- আ'লা হজরাত ইমাম আহমাদ রেজা খাঁন। তাঁর

পিতা আল্লামা নাক্বী আলী খাঁন, তাঁর পিতা মোহাম্মদ সায়াদাত ইয়ার খাঁন, তাঁর পিতা ছিলেন মোহাম্মদ সয়ীদুল্লাহ খাঁন (রহমাতুল্লাহি আলাইহিম আজমাইন)।

৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কখন কোথায় ইন্তেকাল করেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমা আরবী ১৩৪০ হিজরীর সফর চাঁদের ২৫ তারিখ, ইংরেজি ২৮শে অক্টোবর ১৯২১ খ্রিষ্টাব্দের পবিত্র জুময়ার দিন ৬৮ বছর বয়সে দুপুর ২টা ৩৮মিনিটে বেরেলী শরীফের সওদাগারান মহল্লায় ইন্তেকাল করেন। (ইন্না লিল্লাহি অ ইন্না ইলাইহি রাজেউন)।

৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির রহমার জানাজা'র নামাজ কে পড়িয়েছিলেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির রহমার জানাজা'র নামাজ এশিয়া উপমহাদেশ বিখ্যাত আলিম 'বাহারে শরীয়ত' (২০খন্ড) কেতাবের লেখক সাদরুস্‌শারীয়া আল্লামা আমজাদ আলী সাহেব পড়িয়েছিলেন। মতান্তরে আ'লা হজরাতের বড় শাহ্‌যাদা আল্লামা হামিদ রেজা খাঁন হজুর হুজ্জাতুল ইসলাম।

৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার মাজার শরীফ কোথায় অবস্থিত?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার মাজার শরীফ ভারত বর্ষের উত্তর প্রদেশ রাজ্যের বেরেলী শরীফে 'মারকাযে আহলে সুন্নাত' জামেয়া রেজবীয়া মানজারে ইসলাম ও মসজিদে রেজা লাগোয়া মহল্লা সওদাগারান রেজানগরের খানকা শরীফে অবস্থিত।

৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার বাৎসরিক উরস মোবারক কখন হয়ে থাকে?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার বাৎসরিক উরস মোবারক উদযাপিত হয় আরবী বৎসরের দ্বিতীয় মাস সফর চাঁদের ২৩, ২৪ ও ২৫তারিখে।

৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার শুভবিবাহ কত সালে কার সাথে হয়েছিল?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার শুভবিবাহ শাইখ ফজলে হুসাইন সাহেবের বড় সাহেবজাদী (জ্যেষ্ঠ কন্যা) ইরশাদ বেগমের সহিত ১২৯১ হিজরীতে বা ১৮৭৫ খ্রিষ্টাব্দে সুসম্পন্ন হয়েছিল।

৯। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার মোট সন্তান-সন্ততির সংখ্যা কতজন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার মোট সন্তান- সন্ততির সংখ্যা সাত জন। দুই পুত্র যথাক্রমে (ক) হুজ্জাতুল ইসলাম মাওলানা হামিদ রেজা খাঁন ও (খ) মুফতীয়ে আজমে হিন্দ মাওলানা মুস্তাফা রেজা খাঁন। এবং পাঁচজন কন্যা সন্তান।

১০। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা সর্বপ্রথম কত বছর বয়সে জনসম্মুখে বক্তব্য রাখেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমা সর্বপ্রথম মাত্র ছয় বছর বয়সে বিশাল জনসম্মুখে বক্তব্য রাখেন আরবী রবিউল আওয়াল শরীফের মাসে নবীদিবস উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে।

১১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কিসের দ্বারা জীবিকা নির্বাহ করতেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার জমিদারী ছিল,

তা থেকে যা আয় হত তার দ্বারাই তিনি জীবিকা নির্বাহ করতেন।

১২। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কলমে কিসের নিব ব্যবহার করতেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা কলমে লোহার নিব ব্যবহার করতেন।

১৩। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা যখন ৭৮৬ লিখতেন তখন কোন সংখ্যাটি প্রথমে লিখতেন?

উত্তর– তিনি প্রথমে ৬ তারপর ৮ সর্বশেষে ৭ সংখ্যাটি লিখতেন।

অর্থাৎ-৭৮৬ লিখার সময় সংখ্যাগুলি ডানদিক থেকে লিখা শুরু করতেন।

১৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা যখন জন্মগ্রহণ করেন তখন কে মন্তব্য করেছিলেন যে, আমার এই সন্তান ভবিষ্যতে বিশাল বড় আলেম হবে?

উত্তর– এই ভবিষ্যৎ বাণী দিয়েছিলেন আ'লা হজরাত আলাইহির রহমার পিতামহ আল্লামা রেজা আলী খাঁন সাহেব।

১৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কত দিনে পবিত্র ক্বোরআন শরীফ হিফজ (মুখস্ত) করেছিলেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা মাত্র ৩০ দিনে ৩০ পারা ক্বোরআন শরীফ হিফজ (মুখস্ত) করেছিলেন।

১৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আরাইহির্ রহমার পবিত্র ক্বোরআন শরীফের হাফিজ হওয়ার কারন কী?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা গতানুগতিকভাবে পবিত্র ক্বোরআন শরীফের হাফিজ ছিলেন না, তা সত্ত্বেও কিছু মানুষ তাঁর নামের সহিত 'হাফিজ' শব্দ লিখে দিতেন।

একথা তিনি যখন জানতে পারলেন তখন তিনি নিজের উপর ক্বোরআন শরীফ মুখস্ত করা জরুরী মনে করে নিলেন। যেন তাদের ধারনা ও কথা সত্যতে পরিণত হয়। এটাই হলো তাঁর হাফিজ হওয়ার কারণ।

১৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কিসের সাহায্যে ঘড়ির সময় মিলিয়ে নিতেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা ঘড়ির সময় মিলিয়ে নিতেন দিনের বেলায় সূর্য দেখে ও রাতের বেলায় নক্ষত্র দেখে।

১৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার অস্বাভাবিক স্মৃতিশক্তি দেখে "তুমি জ্বিন না ইনসান" এই প্রশ্ন কে করেছিলেন? এবং এর জবাবে আ'লা হজরাত আলাইহির্ রহমা কি বলেছিলেন?

উত্তর– এই মন্তব্য করেন আলা হজরত আলাইহির্ রহমার এক শিক্ষক মহাশয়। তার উত্তরে আলা হজরত আলাইহির্ রহমা বলেছিলেন যে, আলহামদুলিল্লাহ্ আমি মানুষ, অবশ্য খোদার রহমত শামিলে হাল আছে।

১৯। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা সারা জীবনে মোট কত টাকা যাকাত আদায় করেছেন?

উত্তর– যত টাকা একসঙ্গে জমা হলে যাকাত ফরজ হয়, ততো টাকা তিনি কখনো একসঙ্গে জমা করেন নি। এই জন্য তার উপর যাকাত ফরজ হয়নি। এবং যাকাত আদায় করার দরকারও হয়নি।

২০। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা সর্বপ্রথম কোন পুস্তক কত বছর বয়সে প্রণয়ন করেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা মাত্র আট বছর বয়সে, সর্বপ্রথম বিশ্ববিখ্যাত আরবী ব্যাকারণের

'হিদায়াতুন্ন হু' নামক কিতাবটির আরবী ব্যাখ্যা লিখেন।

২১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা পবিত্র ক্বোরআন শরীফের কোন কোন আয়াত-এর দ্বারা নিজের 'জন্ম ও মৃত্যু' সাল বের করেছিলেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা তাঁর জন্মতারিখ পবিত্র ক্বোরআনের ২৮ পারার সুরা 'মুজাদালা'র শেষ আয়াতের একটি বিশেষ অংশ দ্বারা বের করেছিলেন। যার বাংলা অর্থ হচ্ছে 'এরা হচ্ছে ঐসব লোক যাদের অন্তরগুলোতে আল্লাহ্ ইমান অঙ্কিত করে দিয়েছেন এবং তার নিকট থেকে রূহ দ্বারা তাদের সাহায্য করেছেন।' এবং তিনি নিজ অফাতের তারিখ পবিত্র ক্বোরআন-এর ২৯ পারার সুরা 'আদ্‌দাহার' -এর ২৫ নম্বর আয়াত থেকে বের করেছিলেন। যার বাংলা অর্থ হচ্ছে "এবং তাদের সম্মুখে রূপার পাত্র সমূহ ও পান পাত্রাদী (পরিবেশনের জন্য) ঘোরানো ফেরানো হবে, যেগুলো স্ফটিকের ন্যায় পরিস্কার হবে।

২২। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা মক্কা শরীফে থাকাকালীন মোট কত পরিমান পবিত্র যমযমের পানি পান করেছিলেন?

উত্তর– তিনি পবিত্র মক্কা শরীফে পৌনে তিন মাস অবস্থান কালে মোট 'চার মোন' বা ১৬০ কেজি যমযম পানি পান. করেন।

২৩। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা ইন্তেকালের সময় পবিত্র মুখে কি পড়তে ছিলেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা ইন্তেকালের সময় পবিত্র মুখে পড়তে ছিলেন, ইসলাম ধর্মের প্রধান ও প্রথম

কলেমা "লা ইলাহা ইল্লাল্লাহু মোহাম্মাদুর রাসুলুল্লাহ্" (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)।

২৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা ইন্তেকালের প্রাক্ মুহুর্তে কাকে ক্বোরআন তিলাওয়াত করতে বলেছিলেন?

উত্তর– তাঁর ছোট শাহ্যাদা (কনিষ্ঠ পুত্র) হজুর মুফতীয়ে আজমে হিন্দ আল্লামা মুস্তাফা রেজা খাঁনকে ক্বোরআন শরীফ তিলাওয়াত করতে বলেছিলেন।

২৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কত বছর বয়সে পবিত্র ক্বোরআন শরীফ দেখে দেখে পড়া সমাপ্ত করেন?

উত্তর– তিনি মাত্র চার বছর বয়সে পবিত্র ক্বোরআন শরীফ দেখে পড়া সমাপ্ত করেন।

২৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির রহমা প্রচলিত সমস্ত 'বিদ্যায় (শতাধিক) পান্ডিত্য হাসিল' করে 'ফারাগাত' লাভ করেন কখন?

উত্তর– ১৮৬৯ খ্রিষ্টাব্দে মাত্র ১৪বছর বয়সে তিনি 'ফারাগাত' লাভ করেন।

২৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কে দাফন করার পর তাঁর কবরে কতবার আজান দেওয়া হয়েছিল ও কেন?

উত্তর– যেহেতু তিনি ওসিয়ত করে গিয়েছিলেন, সেহেতু তাঁর বড় শাহ্যাদা আল্লামা হামিদ রেজা খাঁন মোট সাত বার আজান পাঠ করেন। ইহা মুস্তাহাব।

২৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কত সালে প্রথম হজ্ব করেন?

উত্তর– তিনি ১৮৭৮ খ্রিষ্টাব্দে প্রথম হজ্ব আদায় করেন।

২৯। প্রশ্নঃ- পৃথিবীবাসী আ'লা হজরাত আলাইহির্ রহমাকে কী কী খেতাবে ভূষিত করেছেন?

উত্তর– পৃথিবীবাসী তাঁকে আ'লা হজরাত, আজিমুল বারকাত, মুজাদ্দিদে আজম, ইমামে আহলে সুন্নাত, ইত্যাদি খেতাবে ভূষিত করেন।

৩০। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা মোট কতখানি কিতাব প্রণয়ন করেন?

উত্তর– অধিকাংশ ওলামায়ে কেরামের মতে তিনি সর্বমোট প্রায় ১৫০০-এরও অধিক পুস্তক প্রনয়ণ করেন।

৩১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা বেরেলী শরীফে যে মাদ্রাসা প্রতিষ্ঠা করেন তার নাম কী?

উত্তর– উক্ত মাদ্রাসার নাম 'দারুল উলুম মানজারে ইসলাম'। যেটা বর্তমানে 'জামেয়া রেজবীয়া মানজারে ইসলাম' নামে পরিচিত।

৩৩। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির রহমা বিরচিত সর্ববৃহৎ কেতাবের নাম কী?

উত্তর– আ'লা হজরাত আলাইহির রহমা বিরচিত কেতাবের মধ্যে, সর্ববৃহৎ কেতাবের নাম হল 'ফাতাওয়া রেজবীয়া শরীফ' যা ১২টি খন্ডে সমাপ্ত; প্রতিটি খন্ড জাহাজী সাইজের প্রায় ১,০০০পৃষ্ঠার কলেবর সমৃদ্ধ। বর্তমানে এই কিতাবটিকে "Incyclopedia" বিশ্বকোষ আখ্যা দেওয়া হয়েছে। যার আনুমানিক ওজন ১৮কেজি।

৩৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা ইন্তেকাল করার দুই-তিন দিন আগে থেকেই ক্বোরআন শরীফের কোন আয়াতটি বেশি বেশি তিলাওয়াত করতেন?

উত্তর– তিনি পবিত্র কোরআন শরীফের এই আয়াতটি বেশীবেশী তিলাওয়াত করতেন–

"হাসবুনাল্লাহু অ-নিয়ামাল ওয়াকিল"।

৩৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার জানাযার গোসলে মূখ্য ভুমিকা কে পালন করেন?

উত্তর– তাঁর জানাযার গোসলে মূখ্য ভূমিকা পালন করেন আল্লামা আমজাদ আলী আজমী সাহেব।

৩৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমাকে কাফন পড়ানোর কাজে কে নিযুক্ত ছিলেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমাকে কাফন পড়ান আল্লামা সৈয়দ মোহাম্মদ নাইমুদ্দিন মুহাদ্দিস মুরাদাবাদী।

৩৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার কবর তৈরী করেন কে?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমার কবর তৈরী করেন সৈয়দ আজাহার আলী সাহেব।

৩৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমাকে কবরে কীভাবে রাখা হয়েছিল?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমাকে সুন্নাত মোতাবিক ডান করোটে তাঁরই লিখিত দোয়া 'ওজিফায়ে ক্বাদেরীয়া' পাঠ করতে করতে রাখা হয়।

৩৯। প্রশ্নঃ- "আমার হৃদয়কে দুই ভাগে বিভক্ত করলে একভাগে 'লা-ইলাহা ইল্লাল্লাহ্' অপর ভাগে 'মোহাম্মাদুর রাসুলুল্লাহ্' লিখা পাবে"-একথা কে বলেছেন?

উত্তর- এ কথা আ'লা হজরাত আলাইহির্ রহমা বলতেন।

৪০। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা বছরে কতবার বক্তব্য রাখতেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির রহমা বছরে মাত্র তিন দিন বক্তব্য রাখতেন।

৪১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির রহমা কত হিজরীতে মাদ্রাসা প্রতিষ্ঠা করেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির রহমা ১৩২২ হিজরীতে 'মাদ্রাসা দারুল উলুম মানজারে ইসলাম' প্রতিষ্ঠা করেন।

৪২। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির রহমার একজন খাদিম যিনি প্রায় ১১ বৎসর ধরে খিদমত করেছিলেন তার নাম কী?

উত্তর- তাঁর নাম জাকাউল্লাহ্ খাঁন সাহেব।

৪৩। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার আর অন্য কোনো খাদিম ছিল কী?

উত্তর- জী হ্যাঁ ছিল। তাঁর নাম হাজী কেফায়াতুল্লাহ্ সাহেব।

৪৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার দরবারে সর্বসাধারনের জন্য আম বৈঠক বসতো কখন?

উত্তর- প্রতিদিন আসরের নামাজের পর।

৪৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা যখনই মসজিদে প্রবেশ করতেন, তখন কি নিয়তে প্রবেশ করতেন?

উত্তর- তিনি মসজিদে প্রবেশের সময় এ'তেকাফের নিয়তে প্রবেশ করতেন।

৪৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা সপ্তাহে কতবার এবং কোন কোন দিন পোষাক পরিবর্তন করতেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমা সপ্তাহে দুইবার পোষাক পরিবর্তন করতেন। দিন দুটি হল জুমআর দিন ও মঙ্গলবারের দিন।

৪৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার সঙ্গে ডঃ ইকবালের কোথায় সাক্ষাৎ হয়?

উত্তর- 'আঞ্জুমান নৌমানিয়া হিন্দ' নামক বাৎসরিক মহাসম্মেলনে।

৪৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা ভারতের কোন কোন শহর সফর করেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির রহমা ভারতের অমৃতসর, মুম্বাই, কোলকাতা, আমেদাবাদ, কাঠোয়ার, গুন্ডাল, জব্বলপুর, পাটনা, বেনারস, দিল্লী, রামপুর, মুরাদাবাদ, বাদাউন, শাহ্জাহানপুর, কানপুর, এলাহাবাদ, পিলিভিত, মীরাট, জয়পুর ও আজমীর শরীফ সফর করেন।

৪৯। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা নিজ পিতা আল্লামা নাকী আলী খাঁন-এর নিকট কয়টি বিদ্যা অর্জন করেন?

উত্তর- তিনি তাঁর পিতার নিকট থেকে মোট ২১টি বিদ্যা অর্জন করেন।

৫০। প্রশ্নঃ- খাতিবে আযামে আলামে ইসলাম আল্লামা হুজুর তাউসীফ রেজা খাঁন ক্বিবলা আ'লা হজরাত আলাইহির্ রহমার সম্পর্কে কে হন?

উত্তর- খাতিবে আযামে আলামে ইসলাম আল্লামা হুজুর তাউসীফ রেজা খাঁন ক্বিবলা আ'লা হজরাত আলাইহির্ রহমার সম্পর্কে পোতার পোতা হন।

৫১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার ১১৬টি অর্জিত বিদ্যার মধ্যে কয়েকটি বিদ্যার নাম উল্লেখ করুন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার ১১৬টি অর্জিত বিদ্যার মধ্যে কয়েকটি বিদ্যার নাম নিম্নে দেওয়া হল- (১) ক্বোরআনের জ্ঞান, (২) বীজগণিত, (৩) রসায়ণ বিদ্যা, (৪) ভূ-বিদ্যা, (৫) পরিবেশ বিদ্যা, (৬) দর্শন বিদ্যা, (৭) যুক্তি বিদ্যা, (৮) রাজনৈতিক অর্থনীতি, (৯) উদ্ভিদ বিদ্যা, (১০) জ্যামিতি, (১১) পদার্থ বিদ্যা, (১২) জ্যোতির্বিদ্যা, (১৩) পরলৌকিক বিদ্যা, (১৪) ত্রিকোনমিতি, (১৫) পাটিগণিত, (১৬) গণিত শাস্ত্র, (১৭) পৌর বিজ্ঞান, (১৮) ভূগোল, (১৯) কবিতা, (২০) অর্থ লেনদেন, (২১) সমাজ বিদ্যা, (২২) নীতি বিদ্যা, (২৩) ভাব বিনিময় বিদ্যা, (২৪) আইন বিদ্যা, (২৫) কোপ্ঠি, (২৬) প্রাণী বিদ্যা, (২৭) মনস্তত্ত্ব বিদ্যা, (২৮) জীবনী, (২৯) অলঙ্কার শাস্ত্র, (৩০) উপমা, (৩১) যুক্তিতর্ক, (৩২) রূপক, (৩৩) আইন ও বিচার বিভাগীয়, (৩৪) ব্যাখ্যা, (৩৫) জ্যোতিষ শাস্ত্র, (৩৬) ঐতিহ্য, (৩৭) আইনে মূল তত্ত্ব, (৩৮) নবী জীবনী, (৩৯) সুফীবাদ, (৪০) পরিসংখ্যান, (৪১) ধ্বনীতত্ত্ব, (৪২) অর্থব্যবস্থা, (৪৩) গ্রীক পাটিগণিত, (৪৪) গণনা, (৪৫) আবৃতি, (৪৬) শিক্ষা সম্পর্কিত, (৪৭) বিশ্বাসের মৌলিক স্তম্ভ, (৪৮) ইতিহাস, ও (৪৯) কোষ বিজ্ঞান।

উল্লেখ্য- তিনি বহু বিদ্যা আবিস্কারও করেছেন।

৫২। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা দ্বিতীয় হজ্বে মদীনা শরীফে অবস্থান কালে মসজিদে নববীতে কতবার হাজিরী দেন?

উত্তর– তিনি দ্বিতীয় হজ্বে মদীনা শরীফে অবস্থান কালে মসজিদে নববীতে মোট ৩১ বার হাজিরী দেন।

৫৩। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা সারা জীবন জনগনের সেবা করার জন্য তাবিজ লিখে দিতেন, এর বিনিময়ে কী তিনি কিছু নিতেন?

উত্তর– না, তিনি এর বিনিময়ে কোনো দিন কিছু নিতেন না।

৫৪। প্রশ্নঃ- আ'লা হাজরাত আলাইহির্ রহমা পৃথিবীর কোন শহরে মৃত্যুবরন করার জন্য দুয়া করতেন?

উত্তর– তিনি মদীনা শরীফে মৃত্যুবরন করার জন্য দুয়া করতেন।

৫৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা ২৪ ঘন্টায় মোট কত ঘন্টা ঘুমাতেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা ২৪ ঘন্টায় আনুমানিক মাত্র সাড়ে চার ঘন্টা ঘুমাতেন।

৫৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার জীবনের অন্তিমলগ্নে মুখে যে পবিত্র শব্দটি উচ্চারণ করেন তা কী?

উত্তর– তাঁর মুখে সর্বশেষ 'আল্লাহ' শব্দ উচ্চারিত হয়।

৫৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার শেষ লিখনী কী?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমার জীবনের শেষ লিখনী হল "বিসমিল্লাহির রহমানির রহীম"।

৫৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার মাতার নাম কী?

উত্তর– তাঁর মাতা হলেন জনাবা হুসাইনী খানম্।

৫৯। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার নানা জানের নাম কী?

উত্তর– তাঁর নানা জানের নাম আসকান ইয়ার বেগ।

৬০। প্রশ্নঃ- হুজুর জামালে মিল্লাত কিবলা নূরী আ'লা হজরাত আলাইহির্ রহমার সম্পর্কে কে হন?

উত্তর– হুজুর জামালে মিল্লাত কিবলা নূরী আ'লা হজরাত আলাইহির্ রহমার সম্পর্কে ছোটো ছেলের নাতি হন।

৬১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার পৌত্র ইব্রাহিম রেজা খাঁনকে কী বলে ডাকা হতো?

উত্তর– তাঁকে জিলানী মিঞা বলে ডাকা হতো।

৬২।প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার বড় শাহ্‌যাদা আল্লামা হামিদ রেজা খাঁন সাহেবের স্ত্রীর নাম কী?

উত্তর– তাঁর স্ত্রীর নাম কানিজ আয়েশা।

৬৩। প্রশ্নঃ- আল্লামা হামিদ রেজা আলাইহির্ রহমা কত সালে ইন্তেকাল করেন?

উত্তর– আল্লামা হামিদ রেজা আলাইহির্ রহমা ইন্তেকাল করেন ১৭ জমাদিউল উলা ১৩৬৩ হিজরী, ইংরেজি ১৯৪৩ খ্রিষ্টাব্দে।

৬৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার দ্বিতীয় শাহ্‌যাদা হুজুর মুফতীয়ে আজমে হিন্দ বেরেলী শরীফে যে মাদ্রাসা প্রতিষ্ঠা করেন তার নাম কী?

উত্তর– উক্ত মাদ্রাসার নাম "দারুল উলুম মাজহারে ইসলাম" যেটি বর্তমানে মসজিদে বিবিজী তে অবস্থিত।

৬৫। প্রশ্নঃ- বর্তমানে বেরেলী শরীফের বুকে সবচেয়ে বড় মাদ্রাসা কোনটি?

উত্তর– বর্তমানে বেরেলী শরীফের বুকে সবচেয়ে বড় মাদ্রাসা "মারকাজুদ দাররাসাতুল ইসলামিয়া" যা

"জামেয়াতুর রাজা" নামে পরিচিত। যার প্রতিষ্ঠাতা পীরে তারীক্বাত তাজে শারীয়াত হুজুর আখতার রেজা খাঁন আজহারী মিঞা কিবলা।

৬৬।প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার উপর শরীয়তের হুকুম অনুযায়ী কত বছর বয়সে নামাজ ফরজ হয়?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার উপর নামাজ ফরজ হয় ১৩ বছর ১০ মাস ৫দিন বয়সে।

৬৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার ছোট শাহ্যাদা হুজুর মুফতীয়ে আজমে হিন্দ বিরচিত সর্ববৃহৎ কেতাব কোনটি?

উত্তর- হুজুর মুফতীয়ে আজমে হিন্দ বিরচিত সর্ববৃহৎ কেতাবের নাম "আল ফাতাওয়াল মুস্তাফাবিয়া"।

৬৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার পূর্বপুরুষগণ কোন আমলে হিন্দুস্থানে এসেছিলেন?

উত্তর- মোঘল আমলে তারা হিন্দুস্থানে এসেছিলেন।

৬৯। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার আব্বা জানের বোনের সংখ্যা কতজন ছিল?

উত্তর- তিন জন।

৭০। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার কতজন ভাই-বোন ছিলেন?

উত্তর- মোট চার ভাই-বোন। তাঁরা দুই ভাই ও দুই বোন ছিলেন।

৭১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার দুই ভাই-এর নাম কী?

উত্তর- মোহাম্মাদ রেজা খাঁন এবং হাসান রেজা খাঁন।

৭২। প্রশ্নঃ- হুজুর মুফতীয়ে আজমে হিন্দ-এর কন্যা সন্তান কয়টি?

উত্তর– মোট ৬ জন।

৭৩। প্রশ্নঃ- হুজুর আখতার রেজা খাঁন সম্পর্কে আলা হজরত আলাইহির্ রহমার কে হন?

উত্তর– হুজুর আখতার রেজা খাঁন সম্পর্কে আ'লা হজরত আলাইহির্ রহমার পৌত্রের পুত্র (পোতার ছেলে)।

৭৪। প্রশ্নঃ- হুজুর আখতার রেজা খাঁন ইসলামী জগতের কোন সুবিখ্যাত বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করেন?

উত্তর– হুজুর আখতার রেজা খাঁন উচ্চশিক্ষা লাভের জন্য ইসলামী জগতের বিশ্ববিখ্যাত বিশ্ববিদ্যালয় মিশরের 'জামে আল আযহার' (কায়রো)-এ পড়াশুনা করেন।

৭৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কৃত তরজমা-এ ক্বোরআন কানযুল ইমান সর্বপ্রথম ভারতের কোন শহর থেকে প্রকাশিত হয়?

উত্তর– উত্তর প্রদেশের বেরেলী শরীফ শহর থেকে।

৭৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কত বছর বয়সে ও কত সালে ক্বোরআন শরীফের এই অনুবাদ করেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা ৫৫ বছর বয়সে ১৯১১ খ্রিষ্টাব্দে ক্বোরআন শরীফের অনুবাদ কানযুল ইমান প্রণয়ন করেন।

৭৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা হজরত আমীরে মোয়াবিয়া রাদি আল্লাহু তায়ালা আনহুর প্রশংসায় যে পুস্তকটি রচনা করেন তার নাম কী?

উত্তর– পুস্তকটির নাম হল "আল আহাদি সুর রাবিয়া-লে মাদহিল আমীরে মোয়াবিয়া"।

৭৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কখনো কী কাবা শরীফে ইমামতি করেছেন?

উত্তর– হ্যাঁ করেছেন। (আল-মালফুজ শরীফ দ্রষ্টব্য)

৭৯। প্রশ্নঃ- মক্কা ও মদীনা শরীফে আলা হজরাত আলাইহির্ রহমার কতজন খলিফা ও শিষ্য ছিলেন?

উত্তর– এ পর্যন্ত আমার জানা মতে মক্কা শরীফে ও মদীনা শরীফে মোট ৩৫ জন তাঁর খলিফা ও শিষ্য ছিলেন।

৮০। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা বিভিন্ন সময় বিভিন্ন স্থানে যাদের নিকট বিভিন্ন প্রকার বিদ্যা অর্জন করেছিলেন সে সমস্ত শিক্ষক গণের সংখ্যা কতজন?

উত্তর– এ পর্যন্ত আমার জানা মতে ঐ সমস্ত শিক্ষক গণের সংখ্যা মোট ৮জন।

৮১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার অখন্ড ভারতে মোটখলিফা ও ছাত্র কতজন?

উত্তর– আমার জানা মতে এ পর্যন্ত তাঁর খাস খলিফা ও ছাত্রের সংখ্যা মোট ৬৬ জন।

৮২। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা শ্রেণীকক্ষে যখন ছাত্রদেরকে হাদিসের কিতাব পড়াতেন তখন তিনি বসে পড়াতেন না দাঁড়িয়ে পড়াতেন?

উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমা হাদিস শরীফের সম্মানার্থে মাথায় পাগড়ী বেঁধে অজু অবস্থায় দাঁড়িয়ে হাদিস শরীফ ছাত্রদের পড়াতেন।

৮৩। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার সবচেয়ে প্রিয় কাজ কী ছিল?

উত্তর– তিনি নিজেই এক জায়গায় প্রকাশ করেছিলেন

যে আমার প্রিয় কাজ হচ্ছে দুটি-

(ক) ফতোয়া লেখা এবং

(খ) ওয়াহাবীদের রদ করা। এদুটিই আমার সবচেয়ে বেশি প্রিয় কাজ।

৮৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কে ছিলেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমা ছিলেন জগৎবরেন্য আলেম, বিশ্ববিখ্যাত মুহাদ্দিস, কলমের সম্রাট, গওসে জামানা, কুতুবে জামানা, আরিফ বিল্লাহ, ফানাফিল্লাহ, আশিক্বে রাসুলুল্লাহ্, জন্মগত আল্লাহর ওলি, ইসলামী সাধক ও গবেষক, যুগের মুজাদ্দিদে আজম (ধর্মের মহান সংস্কারক), যা প্রতি শতাব্দীর শিরোভাগে আল্লাহ রব্বুল আলামীন পৃথিবীতে প্রেরণ করে থাকেন।

৮৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার পীর ও মুর্শিদের নাম কী?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার পীর ও মুর্শিদ ছিলেন ইমামুল আওলিয়া সুলতানুল আরেফীন হজরত মাওলানা খাজা সৈয়দ শাহ আলে রাসুল সাহেব কিবলা হুসাইনী মারহেরা শরীফ। জেলা-ইটা, উত্তরপ্রদেশ (ভারত) জন্ম-১২০৯ হিজরী অফাত-১২৯৬ হিজরী।

৮৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা সিলসিলায়ে আলীয়া ক্বাদেরীয়া বারকাতিয়ার কত তম বুজুর্গ ছিলেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমা সিলসিলায়ে আলীয়া ক্বাদেরীয়ার ২৯ তম বুজুর্গ (শাইখ) ছিলেন।

৮৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা কত সালে এবং কার কাছে বায়েত গ্রহণ করেন?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমা আরবী ১২৯৪

হিজরী, ইংরেজি ১৮৭৭ খ্রিষ্টাব্দে স্বীয় পিতা আল্লামা নাকী আলী খাঁন এবং আল্লামা শাহ্ আব্দুল কাদির বাদাউনীর সাথে হজরত সৈয়দ শাহ্ আলে রাসুল মারেহারবী রাদিআল্লাহু আনহুর খিদমতে উপস্থিত হন। এবং সিলসিলায়ে আলীয়া ক্বাদেরিয়ায় বায়েতগ্রহন করেন, সাথে সাথে ১৩টি সিলসিলার ইজাযাত ও খিলাফতও লাভ করেন।

৮৮। প্রশ্নঃ- বর্তমানে আহলে সুন্নাত ওয়া জামায়াতের পরিচয় কী?

উত্তর– খাঁটি সুন্নী তাদেরকে ই বলা হয়, যারা "মা আনা আলাইহি ওয়া আসহাবী"- এর স্বীকারকারী ও মান্যকারী অর্থাৎ সুন্নী ঐসব লোক যারা খোলাফায়ে রাশেদীন, সাহাবায়ে কেরাম, তাবেয়ীন, তাবে-তাবেয়ীন, সলফে স্বালেহীন, আইম্মায়ে মুজতাহেদীন, মাশায়েখে তারীকাত, বোজর্গানে দ্বীন ও মুতাআখ্খেরীন উলামায়ে কেরামগনের মত পথ মান্যকারী ও অনুসরণকারী। মুতাআখ্খেরীন উলামাগনের মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য, শায়েখ আব্দুল হক মুহাদ্দিসে দেহলবী, ইমামে রব্বানী মুজাদ্দিদে আলফে সানী শায়েখ- আহমাদ সারহান্দী, মালেকুল উলামা বাহারুল উলুম আব্দুল আলী ফারাঙ্গী মহাল্লী, হজরত মওলানা ফজলে হক খায়রাবাদী, হজরত মওলানা ফজলে রাসুল বাদায়ুনী, হজরত মুফতী ইরশাদ হোসাইন রামপুরী এবং হজরত মুফতী আহমদ রেজা খাঁন বেরেলবী রাহিমাহুমুল্লাহ্ তায়ালা। আসল হানিফী, শাফেয়ী, মালেকী ও হাম্বেলী সকলেই সুন্নী। সকলেই আহলে সুন্নাত ওয়া জামায়াতের মাসলাক মান্যকারী।

৮৯। প্রশ্নঃ- মাসলাকে আলা হজরাত কী?

উত্তর- 'মাসলাক' শব্দের অর্থ পথ, আদর্শ, নীতি। মাসলাকে আ'লা হজরাতের অর্থ- আলা হজরতের পথ- মত বা আদর্শ। আহলে সুন্নাত ওয়া জামায়াত-ই মাসলাকে আ'লা হজরাত। ইহা কোনো নতুন মাযহাব বা দল-মত- আদর্শ বা মাসলাক নয়। ইহা খোলাফায়ে রাশেদীন, সাহাবায়ে কেরাম, আইম্মায়ে মুজতাহেদীন ও বোজর্গানে দ্বীনদের ই মাসলাক ও মাযহাব।

বর্তমান সময়ে মাসলাকে আহলে সুন্নাত বা মাসলাকে হানিফী বলা আমাদের জন্য যথেষ্ট নয়। কেননা, ভ্রান্ত মত পোষনকারী যেমন নাজদী, ওহাবী, দেওবন্দী, তাবলিগী, জামায়াতে ইসলামী, সালাফী, ফরাজী ইত্যাদি দলগুলিও নিজেদের কে আহলে সুন্নাত ওয়া জামায়াত বলে পরিচয় দিচ্ছে। কিন্তু তারা কেউ আসলে খাঁটি সুন্নী নয়।

এহেন অবস্থায় নতুন আবিষ্কৃত ভ্রান্ত দলগুলি হতে আলাদা করার জন্য, প্রকৃত সুন্নীদের পরিচয়হেতু মাসলাকে আলা হজরাত লেখা ও বলা অবশ্যই জরুরী। সুতরাং ক্বাদেরী, চিশতী, সহরওয়ারদী, নক্বশেবন্দী, মুজাদ্দেদী ইত্যাদি সকলেই সুন্নী। সকলেই বর্তমান সময়ে মাসলাকে আলা হজরত পন্থি। এবং মুক্তি প্রাপ্ত জান্নাতী দল। হিংসা বিদ্বেষ পরিত্যাগ করে এই মাসলাকে আলা হজরাতকে গ্রহন করা সকলের ই কর্তব্য। তা নাহলে খবর আছে।

৯০। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা বিছানায় রাত্রে কীভাবে ঘুমাতেন?

উত্তর- আলা হজরত আলাইহির্ রহমা রাত্রি বেলায় বিছানায় শয়নকালে অজু অবস্থায় এমনভাবে ঘুমাতেন যাতে দেহের ভাঁজটি মোহাম্মদ নামের নক্সা হয়ে যেত।

৯১। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা বেরেলী শরীফে যখন শুনতেন যে কোনো লোক হজ্ব করে বাড়ি ফিরেছেন, তখন তাকে সাক্ষাৎ করতে গিয়ে সর্বপ্রথম কী জিজ্ঞাসা করতেন?

উত্তর- তিনি সর্বপ্রথম হাজী সাহেবকে জিজ্ঞাসা করতেন যে 'আপনি কী মদীনা শরীফ গিয়েছিলেন?'

৯২। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা ছাত্রদের মধ্যে সর্বাধিক আদব ও লেহাজ বজায় রাখতেন কার?

উত্তর- হজরত সৈয়দ মোহাম্মদ মুহাদ্দীসে কাছোছ্বির।

৯৩। প্রশ্নঃ- ছাত্রের এধরনের আদব ও লেহাজ বজায় রাখার কারণ কী?

উত্তর- যেহেতু তিনি সৈয়দ বংশের লোক ছিলেন তাই তার এতো আদব ও লেহাজ করা হতো।

৯৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার বিশ্ববিখ্যাত তরজমায়ে ক্বোরআন কানযুল ঈমান কার প্রচেষ্টায় সর্বপ্রথম প্রকাশিত হয়?

উত্তর- আ'লা হজরাত আলাইহির্ রহমার প্রথম সারির খলিফা সদরুস্‌শারিয়া আল্লামা আমজাদ আলী খাঁন এর প্রচেষ্টায়।

৯৫। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার কোন ছাত্র হর হামেশায় সফরে আলা হজরতের সাথে থাকতেন?

উত্তর- সৈয়দ আইয়ুব আলী সাহেব।

৯৬। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার শিক্ষকদের মধ্যে সর্বাধিক বয়স্ক শিক্ষক কে ছিলেন?

উত্তর- জনাব মির্জা আব্দুল কাদির বেগ সাহেব।

৯৭। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার বাল্য গুরু কে ছিলেন?**
উত্তর– জনাব মির্জা গোলাম কাদির বেগ সাহেব।
৯৮। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা রামপুর শহরে কোন আলেমের নিকট পড়েছিলেন?**
উত্তর– মাওলানা আব্দুল আলি রামপুরীর নিকট।
৯৯। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার 'মিজান মুনশায়েব' নামক কিতাবটি কোন শিক্ষকের নিকট পড়েন?**
উত্তর– মির্জা গোলাম কাদির বেগ-এর নিকট।
১০০। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা সারা টি জীবন তিনটি জায়গার দিকে কখনো পা করেন নি, সেই জায়গা তিনটির নাম কী?**
উত্তর– কাবা শরীফ, মদীনা শরীফ এবং বাগদাদ শরীফ।
১০১। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা হুজুর সল্লাল্লাহু তায়ালা আলাইহি ওয়া সাল্লামের শানে যে অসংখ্য নাত শরীফ লিখেছেন সেই কিতাব টির নাম কী?**
উত্তর– উক্ত কেতাবটির নাম 'হাদায়েক্বে বাখশিশ'। প্রকাশ থাকে যে, হুজুর মুফতীয়ে আজমে হিন্দ বিরচিত নাত শরীফের বইয়ের নাম 'সামানে বাখশিশ' এবং তাজুস্ শারীয়াহ্ হুজুর আজহারী মিঞা বিরচিত নাত শরীফের বইটির নাম 'সাফিনা-এ বাখশিশ'।
১০২। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমা মিলাদ শরীফের মজলিসে কাদেরকে ডবল শিরনী দিতেন?**
উত্তর– যারা সৈয়দ বংশের লোক থাকতেন তাদেরকে। এবং যাদের সুন্নাত মোতাবেক দাড়ি থাকত তাদেরকে।

১০৩। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমাকে ওলামায়ে আরব কী খেতাবে ভূষিত করেছেন?
উত্তর– চতুর্দশ শতাব্দীর এই উম্মতের মহান মুজাদ্দিদ খেতাবে ভূষিত করেছেন।
১০৪। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমাকে সর্বপ্রথম যুগ মুজাদ্দিদ ভারতবর্ষের কে আখ্যা দেন?
উত্তর– আল্লামা আব্দুল মুক্তাদির বাদাউনী।
১০৫। প্রশ্নঃ- আলা হজরাত আলাইহির্ রহমা সর্বপ্রথম যে ফতোয়াটি লেখেন সেই ফতোয়া দেখে তাঁর আব্বাজান আল্লামা নাকী আলী খাঁন সাহেব খুশি হয়ে কী দিয়েছিলেন?
উত্তর– মিষ্টি খাওয়ার জন্য একটি টাকা।
১০৬। প্রশ্নঃ- 'কবরে আজান দেওয়া জায়েজ'-এর পক্ষে যে পুস্তকটি আ'লা হজরাত আলাইহির্ রহমা রচনা করেছিলেন, সেই পুস্তকটির নাম কী?
উত্তর– উক্ত পুস্তকটির নাম 'ইযানুল আজর্ ফি আযানীল কবর'। বিঃ দ্রঃ– বইটির বাংলা অনুবাদ পাওয়া যাচ্ছে।
১০৭। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমাকে আরবী ভাষায় 'যিয়াউদ্দিন আহমাদ' খেতাবে কে ভূষিত করেন?
উত্তর– শায়েখ হুসাইন বিন সালেহ্ শাফেয়ী মক্কা শরীফে।
১০৮। প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার যখন রূহ মোবারক বের হয় তখন মোয়াজ্জিন আজানের কোন বাক্যটি উচ্চারণ করছিলেন?
উত্তর– আ'লা হজরাত আলাইহির্ রহমার যখন রূহ মোবারক বের হয়, তখন মোয়াজ্জিন আজানের 'হাইয়াহ্ লাল ফালাহ্' অংশটি উচ্চারণ করছিলেন।

১০৯। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার বড় শাহ্যাদা আল্লামা হামিদ রেজা খাঁন-এর জানাজার নামাজ কে পড়ান?**

উত্তর– তাঁর জানাজার নামাজ মওলানা সর্দার আহমাদ পাকিস্তানী পড়িয়েছিলেন।

১১০। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার একমাত্র পৌত্র যিনি দুই বছর বয়সে ইন্তেকাল করেন, তার নাম কী?**

উত্তর– শাহ্যাদা আনোয়ার রেজা খাঁন। যিনি হুজুর মুফতীয়ে আজম হিন্দ- এর পুত্র ছিলেন।

১১১। **প্রশ্নঃ- আ'লা হজরাত আলাইহির্ রহমার পিতা এবং পিতামহর মাজারগুলি কোন কবরস্থানে অবস্থিত?**

উত্তর– বেরেলী শরীফের বিখ্যাত সুন্নী কবরস্থানে তাঁদের মাজারগুলি অবস্থিত।

বিঃ দ্রঃ– প্রশ্নোত্তরে 'আ'লা হজরাত পরিচিতি' পুস্তকটি লিখতে নিম্নেলিখিত বইগুলির সাহায্য নেওয়া হয়েছে।

ক) রেজা ক্যুইজ বুক।

খ) তাজকেরায়ে মাশায়েখে কাদেরীয়া রেজবীয়া।

গ) তাজাল্লিয়াতে ইমাম আহমদ রেজা।

ঘ) আল মালফুজ শরীফ, ইত্যাদি।

বিঃ দ্রঃ– (ক) মুদ্রণগত ত্রুটি মার্জনীয়।

(খ) তথ্যগত ত্রুটি নজরে পড়লে জানাবেন আগামীতে সংশোধন করে দেওয়া হবে। ইনশাল্লাহ্

মুফতী মোঃ আলীমুদ্দিন রেজবী সাহেবের কলমে প্রকাশিত পুস্তকাদি

ক) আল্লাহর রহমত ও বিসমিল্লাহর ফযিলত।

খ) ১৮টি সহি দলিলসহ রেজবী ক্বেয়াম।

গ) গানের সুরে গজল পড়া জায়েজ কিনা? উত্তরসহ– রেজবী গজল।

ঘ) ১১১টি প্রশ্নোত্তরে আ'লা হজরাত পরিচিতি।

ঙ) আত্তাস্বিহ (উর্দু ভাষায়)।

চ) ক্বাদেরী রেজবী সিলসিলার (উর্দু শাজরার বঙ্গানুবাদ)।

ছ) নাক্বশেবান্দী সিলসিলার (উর্দু শাজরার বঙ্গানুবাদ)।

বিজ্ঞাপন সমূহ

১। কবরে আযান জায়েজ কিনা?

২। এক্বামতের সময় বসা সুন্নাত

৩। আনন্দ সংবাদ

৪। সত্যের সন্ধান ও খুৎবার আযান

৫। যদি কেহ বলেন

৬। আপনি বিভ্রান্ত হবেন কেন?

৭। শা'বান চাঁদে শবে-বারাত ও নফলী এবাদাত

৮। মাহে রমযানের ফযিলত ও শবে-ক্বদরের নফলী এবাদত

৯। তোহফায়ে ঈমানী বা মাসায়েলে কুরবানী

১০। রাসুল সম্রাট বিশ্ব নবী জীবনে কী কী করেন নি

১১। হাদীসে রাসুলে আরাবী ও ২০ রাকাত তারাবী

১২। ক্বোরআন হাদীসের অপ-ব্যাখ্যার জবাব

বর্তমান যুগে ঈমান আক্বিদা ও আমল কে মজবুত করার জন্য নিম্ন লিখিত বইগুলি অবশ্যই পড়ুন-

১। কানযুল ঈমান ও নুরুল ইরফান (বাংলা)
২। কানযুল ঈমান ও খাযাইনুল ইরফান (বাংলা)
৩। বাহারে শরীয়াত (বাংলা)
৪। ক্বানুনে শরীয়াত (বাংলা)
৫। ফায়যানে সুন্নাত (বাংলা)
৬। জা'আল হক্ব (বাংলা)
৭। শানে হাবিবুর রহমান (বাংলা)
৮। সালতানাতে মুস্তাফা (বাংলা)
৯। ত্রৈমাসিক সুন্নী জগৎ পত্রিকা (বাংলা)
১০। হানাফীদের কয়েকটি জরুরী মাসায়েল (বাংলা)

উপরিলিখিত বইগুলি সহ মুফতী সাহেবের সমস্ত বই পাওয়ার জন্য মুফতী সাহেবের সঙ্গে, অথবা নিম্নলিখিত স্থানে যোগাযোগ করুন-

ক) মুফতী বুক হাউস- ফুলতলা, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
খ) হাজী বুক ষ্টোর - গাড়ীঘাট, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ
গ) নুরী বুক ডিপো - গাড়ীঘাট মাদ্রাসা গেট, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।
ঘ) রেজবী বুক ডিপো - ভগবানগোলা ষ্টেশন রোড, মুর্শিদাবাদ।
ঙ) রেজা লাইব্রেরী - পাকুড়তলা, নলহাটি পশ্চিমবাজার, বীরভূম।
চ) ইসলামিয়া লাইব্রেরী - কে.এন. রোড, (মানষিক হসপিটালের বিপরীতে) বহরমপুর, মুর্শিদাবাদ।

বিঃ দ্রঃ- ভাষা ও মুদ্রণগত ত্রুটি মার্জনীয়।

+919093399730